


কথা রাখেননি মুখ্যমন্ত্রী, জমিদাতাদের বিক্ষোভ

শালবনী

নিজস্ব সংবাদদাতা: মেদিনীপুর, ৩১শে মার্চ— শালবনীতে জিন্দাল কারখানার মূল ফটকের সামনে কাজের দাবিতে জমিদাতাদের বিক্ষোভ হয় শুক্রবার। প্রায় দেড় হাজার একর জায়গা জুড়ে এশিয়ার বৃহত্তম ইম্পাতনগরী গড়ে তোলার পরিকল্পনা নিয়ে জিন্দাল গোষ্ঠীর এই প্রকল্প বাস্তবায়ন সরকারের আমলে উদ্বোধন হয়।

শালবনীর জিন্দাল প্রকল্পে সরকারি জমির সঙ্গে প্রায় ১২০০ ব্যক্তির কাছ থেকে অর্জিত একর জমি অধিগ্রহণ করা হয়। রক্ষণ এলাকায় এমন প্রকল্পের জন্য মানুষের খেত তৈরি হয়েছিল।

সেই স্বপ্ন চূরনের হয়ে যায়। কাজের আশায় জমিদাতা পরিবারগুলি যে টাকা পেয়েছিল, সেই টাকায় এলাকার ১৯০ জন যুবক বিভিন্ন কারিগরি ট্রেনিং নেয়। শর্ত অনুযায়ী প্রতিটি পরিবারের কাজের গ্যারান্টি ছিল। কাজ চেয়ে জিন্দাল কারখানায় জমিদাতাদের



শালবনীতে জিন্দাল কারখানার গেটে জমিদাতাদের বিক্ষোভ। ছবি : চিত্রায় কর

বিক্ষোভ-অবস্থান ছাড়া বারে বারে। দাবি গুঠে, কাজ না দেওয়া পর্যন্ত প্রতিটি পরিবারকে প্রতিমাসে ভাতাসহ দুই

টাকা ভেঙে করে চল দেওয়া হোক। নির্বাচনকে সামনে রেখে ২০১৫ সালের ২৯শে সেপ্টেম্বর জিন্দাল

গ্রোপেটে সিনেন্ট কারখানা উদ্বোধন করে। সেই উদ্বোধনীসভায় রাজ্যের মুখ্যমন্ত্রী জমিদাতাদের আশ্বাস

নিয়েছিলেন, এক বছরের মধ্যে সমস্ত পরিবারের চাকরির ব্যবস্থা করা হবে। এখনও পর্যন্ত জমিদাতা

পরিবারগুলিকে কোনো কাজ দেওয়া হয়নি। সিনেন্ট কারখানার ৮০ ভাগ কাজ শেষ হয়েছে। কাজ হচ্ছে বহিরের লোক দিয়ে। ঠিকাদার দিয়ে, প্রকল্পের মধ্যে এখন দৈনিক ৭৫০ জনের মতো কর্মী কাজ করছেন, স্থায়ীকর্মী কাজ করছেন ১৭০ জনের মতো। স্থায়ী কর্মীদের মধ্যে মাত্র ১১ জন জমিদাতা পরিবার। প্রকল্পে যে সমস্ত টেকনিসিয়ান কাজ করছেন, তাঁদের সঙ্গেই জমিদাতা পরিবারগুলির ১২ জন যুবক কর্তৃক গিয়ে ট্রেনিং নিয়েছিলেন জিন্দালদের ব্যবস্থাপনায়। অথচ এই সমস্ত যুবকদের কাজ দেওয়া হয়নি। মুখ্যমন্ত্রী আবার জেলা সফরে আসছেন, তার দু'দিন আগে জমিদাতা পরিবারগুলি জিন্দালের কারখানার গেটে কাজের দাবিতে বিক্ষোভে शामिल হলে। জেলাশাসকের উপস্থিতিতে ত্রি-পাক্ষিক বৈঠকে বলা হয়েছিল, ২০১৬'র ডিসেম্বর মাসের মধ্যে জমিদাতাদের কাজে যুক্ত করা হবে। এদিন জমিদাতারা ভাঁওতাবাড়ির বিরুদ্ধে হ্রোগান তুলে জিন্দাল কারখানার গেটে বিক্ষোভ দেখান। তাঁদের কাজের দাবিপত্র তুলে সেন মানেজমেন্ট কর্তৃপক্ষের হাতে।